# 5. সাহায্য প্রয়োজন? আমাদের সঙ্গে যোগাযোগ করুন এক্ষুণি!

**এথেন্স-এ আইওএম বা আন্তর্জাতিক অভিবাসন সংস্থা-র অফিস**


6 Dodekanisou Str., Alimos, 17456, Athens

টেলিফোন: +30 210 9919040

ফ্যাক্স: +30 210 9944074

@ ই-মেইল: iomathens@iom.int

https://www.facebook.com/pages/IOMGreece


**গ্রীসের অন্যত্র আইওএম-এর অফিসসমূহ:**

<u>মূল ভূখণ্ডে:</u>

**Thessaloniki:** 231 3317 349, 694 6893 032, 694 9662 666,

**Patras:** 698 5111 206

**Corinth:** 697 0424 354

**Ioannina:** 265 1001 025, 698 6547 044

**Evros:** 694 6840 125

<u>দ্বীপপুঞ্জ:</u>

**Crete:** 698 5111 205

**Samos:** 697 2331 440

**Kos:** 694 4864 986

**Lesvos:** 695 8475 878

**Chios:** 695 5466 613

**Leros:** 694 1580 330

International Organization for Migration (IOM)

The UN Migration Agency

## আমাদের সম্পর্কে

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) আপনাকে সহায়তার জন্য পাশে আছে। আমরা ইতালি, হাঙ্গেরি, অস্ট্রিয়া, স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া এবং বুলগেরিয়াতেও আপনাকে সাহায্য করতে পারি!

আমাদের পেতে পারেন ফেসবুকে এবং আমাদের ওয়েবসাইটে
https://greece.iom.int/


এই প্রকল্প ইউরোপীয় ইউনিয়ন কর্তৃক অর্থায়নকৃত

ইউরোপে শরণার্থী ও অভিবাসী সংকটের প্রেক্ষাপটে শিশুদের সুরক্ষা প্রদান


# Hello! Γεια σου! سلام

# শিশুর অধিকার ও দায়িত্বসমূহ




# 1 2 3 4 4. আশ্রয় প্রার্থনার প্রক্রিয়া - ধাপে ধাপে



### শরণার্থী কে?

যদি আপনি একজন শরণার্থী অথবা অভিবাসী শিশু হন, তাহলে ইউএনসিআরসি’র সমস্ত অধিকারসহ বিশেষ সুরক্ষা এবং সাহায্যের অধিকার আপনার আছে।

**শরণার্থী শিশু:** যাদের জীবন (জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতামত ইত্যাদি) বিভিন্ন কারণে তাদের স্বদেশ ত্যাগে বাধ্য হওয়ার ফলে বিপদাপন্ন রয়েছে।

**অভিবাসী শিশু:** যারা যে কোন কারণে তাদের স্বদেশের বাইরে অবস্থান করছে - অর্থাৎ নিপীড়নের আতঙ্কের সঙ্গে সম্পর্কহীন কারণে, তারা শরণার্থী হিসেবে স্বীকৃত হবে না।

**আশ্রয়প্রার্থী:** যারা শরণার্থী হিসেবে বিবেচিত হওয়ার লক্ষ্যে কোন নির্দিষ্ট দেশের আইন অনুসারে আশ্রয় প্রার্থনার প্রক্রিয়ার মধ্যে রয়েছে , অর্থাৎ এই আইনের আওতায় তারা তাদের দাবি প্রক্রিয়াধীন থাকাকালে নির্দিষ্ট সুরক্ষা মর্যাদা ভোগ করতে পারবে।

### আমি প্রথমে কী করব?

গ্রীসে প্রবেশ করার সাথে সাথেই শরণার্থী হিসেবে আন্তর্জাতিক সুরক্ষা দাবি করার জন্য আপনার আকাঙ্ক্ষা প্রথমেই আপনাকে ঘোষণা করতে হবে। আশ্রয়প্রার্থী হিসেবে বিবেচিত হওয়া একটি মৌলিক অধিকার। এই আবেদন দাখিল করতে হবে অ্যাসাইলাম অথরিটি বা শরণার্থী কর্তৃপক্ষ বরাবর। যদি আপনার পরিবার/আত্মীয় অন্য কোন ইইউ সদস্য-রাষ্ট্রে বাস করেন, সেক্ষেত্রে বিষয়টি অবিলম্বে অ্যাসাইলাম অথরিটিকে জানানোটা খুব গুরুত্বপূর্ণ।

Main Asylum Service Office, Attica:
+30 210 69 88 500, +30 210 99 03 370, +30 210 41 87 090
10 টি ভাষায় রেকর্ডকৃত তথ্য সহ টেলিফোন লাইন: +30 210 69 88 660

ইমেইল: relocation@asylo.gov.gr
ইমেইল: aka.peiraia@asylo.gov.gr

**সুনির্দিষ্ট পদক্ষেপসমূহ:**

- ✓ নিকটতম অ্যাসাইলাম সার্ভিস-এ যোগ দিন। সমস্ত পরিষেবা বিনামূল্যে পাওয়া যায়।
- ✓ অ্যাসাইলাম কর্তৃপক্ষ আপনাকে নিজের সম্পর্কে কিছু প্রশ্ন জিজ্ঞেস করবে যা আপনাকে অবশ্যই সততার সঙ্গে উত্তর দিতে হবে। **ভয় পাওয়ার কোন কারণ নেই!**
- ✓ আপনাকে একটি আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড দেওয়া হবে যা আপনার আইনি দলিল হিসেবে কাজ করবে (আপনার পরিচয়পত্রের মত), তাই এটি হারাবেন না! এটি সবসময় আপনার সাথে রাখুন! অ্যাসাইলাম সার্ভিস এ আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্ট কখন তা সবসময় মনে রাখবেন এবং আপনার কার্ডটি সঙ্গে নেবেন
- ✓ এছাড়াও, স্থানান্তর বা পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করার অধিকার সম্পর্কে জিজ্ঞেস করুন!

### পুলিশ ও অ্যাসাইলাম অফিসার আমার সাথে কী করবেন?

তারা আপনাকে আপনার বয়স এবং পরিচয় প্রকাশ করতে বলবেন। আপনার সর্বোত্তম স্বার্থেই তাদের কাছে সত্যি কথাটি বলতে হবে!

### কী ধরনের প্রশ্ন জিজ্ঞেস করা হবে?

আপনার পরিস্থিতি ভাল করে বোঝার জন্য তারা সহজ প্রশ্ন জিজ্ঞেস করবেন, যেমন:

- ✓ আপনি কোথা থেকে এসেছেন?
- ✓ আপনার বয়স কত?
- ✓ আপনি কোন্ দেশে মধ্য দিয়ে এসেছেন?
- ✓ আপনি কি একা ভ্রমণ করছেন?
- ✓ আপনার কি ইউরোপে কোন পারিবারিক সদস্য আছে?




দয়া করে সবকটি প্রশ্নের উত্তর যতটা সম্ভব ভাল করে উত্তর দিন। যদি আপনি উত্তর দিতে না পারেন, তাহলে সেকথা জানান। আপনার যদি কোন বিরতি প্রয়োজন হয়, তাহলে আপনি তা চাইতে পারেন। আপনি যা যা বলেন তা লিখিতভাবেও রেকর্ড করা হবে। আপনার বক্তব্যের লিখিত রেকর্ডে তখন এবং শুধুমাত্র তখনই স্বাক্ষর করবেন, যখন বুঝতে পারবেন যে তাতে কী লেখা আছে। যদি কোন সমস্যা থাকে বা কোনকিছু বাদ পরে থাকে, তাহলে কর্তৃপক্ষকে তা সম্পর্কে জানান। রেকর্ডের একটি কপি পাওয়ার অধিকার আপনার আছে।

### কেন আমার বয়স গুরুত্বপূর্ণ?

18 বছরের চেয়ে বেশি বয়সী ব্যক্তিরা পূর্ণ বয়স্ক। তাদের সঙ্গে ভিন্নভাবে আচরণ করা হয়। অন্যদিকে 18 বছরের কম বয়সী যারা, অর্থাৎ যারা «নাবালক», তারা এই লিফলেটে বর্ণিত সকল অধিকার ভোগ করবে।

- ✓ অধিকাংশ ক্ষেত্রে আপনার মৌখিক ঘোষণার উপর ভিত্তি করে ব্যক্তিগত তথ্য নিবন্ধিত হয়। আপনার বয়স এবং/অথবা জাতীয়তা সম্পর্কে সন্দেহ সৃষ্টি হলে একটি সাক্ষাতকারের মাধ্যমে আপনার মূল্যায়ন করা হতে পারে, এবং বয়স নিরূপণের জন্য একজন ডাক্তার আপনার পরীক্ষা করতে পারেন। এমন সম্ভাবনাও রয়েছে যে অতিরিক্ত আরো কিছু স্বাস্থ্য পরীক্ষার জন্য আপনাকে হাসপাতালে পাঠানো হতে পারে।
- ✓ এই মূল্যায়নের উপর ভিত্তি করে, আপনার ব্যক্তিগত তথ্য রিসেপশন ও আইডেন্টিফিকেশন সার্ভিস বা অভ্যর্থনা ও শনাক্তকরণ পরিষেবায় নিবন্ধিত হবে এবং আপনার নথিতে অন্তর্ভুক্ত করা হবে।
- ✓ আরও একটা ব্যাপার হল, আপনি বুঝতে না পারলে কোন কিছুতে স্বাক্ষর করবেন না।
- ✓ প্রয়োজন হলে আপনার ভাষায় অনুবাদের জন্য অনুরোধ করুন।




### আমাকে কোথায় নিয়ে যাওয়া হবে?

আমি লেসভোস / কিয়োস / কোস / লেরোস / সামোস দ্বীপে বা ওরেস্তিয়াদা (বা অন্য কোনও জায়গায়) সীমান্তে রাস্তায় অবস্থান করছি এবং নিঃসঙ্গ ও 18 বছরের কম বয়সী। আমার কী হবে?

শনাক্তকরণ এবং নিবন্ধনের উদ্দেশ্যে আপনাকে রিসেপশন এবং আইডেন্টিফিকেশন সেন্টারে নিয়ে যাওয়া হবে। একবার এই প্রক্রিয়াটি সম্পন্ন হলে, আপনার ঝুঁকির উপর নির্ভর করে আপনাকে একটি ক্যাম্পে নিরাপদ জোন * -এ অথবা নিঃসঙ্গ নাবালকদের আশ্রয়কেন্দ্রে স্থানান্তর করা হতে পারে।

**মনে রাখবেন!** ইতোপূর্বে ইউল্লেখ করা স্থানগুলোর কোনটিতে একবার স্থানান্তরিত করা হলে সেখানে দায়িত্বপ্রাপ্ত লোকজনকে আপনার নাম, বয়স, জাতীয়তা, এবং আপনার গ্রীসে আগমনের কারণ সততার সঙ্গে জানাতে হবে।

* সেফ জোন হল ক্যাম্পের মধ্যে এরূপ নিরাপদ স্থান যেখানে শিশুদের জন্য বিনামূল্যে সেবা প্রদান করা হয়।

### পরবর্তীতে কী ঘটবে?

আপনার মৌলিক চাহিদাগুলো পূরণের জন্য বিনামূল্যে সেবা প্রদান করা হবে, যার মধ্যে আছে:

- ✓ প্রাথমিক চাহিদা: আপনার খাবার, পোশাক এবং স্বাস্থ্যবিধি আইটেম
- ✓ স্বাস্থ্য সেবা
- ✓ মানসিক সহায়তা
- ✓ আইনগত সেবা

# 1. আপনার অধিকার



## আমি এখন কোথায়?

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-এর সদস্য রাষ্ট্র গ্রীস-এ স্বাগতম! দেশটির রাজধানী এথেন্স এবং সরকারী ভাষা হচ্ছে গ্রিক। আপনাকে সহায়তার জন্য, আমরা আপনাকে গ্রীসে আপনার অধিকার সম্পর্কে কিছু দরকারী তথ্য দিতে চাই। গণতন্ত্রের প্রতিষ্ঠাতা এবং মানবাধিকারের প্রচারক হিসেবে গ্রীস আপনাকে সুরক্ষা, সমর্থন ও সহায়তা প্রদানের জন্য পাশে রয়েছে! আমরা অর্থ দাবি করি না, আমরা অর্থ গ্রহণ করি না এবং আমরা কোন পুরস্কার প্রত্যাশা করি না। আমরা শুধু আপনার নিরাপদ যাত্রা কামনা করি, এবং ইউরোপে আপনাকে স্বাগত জানাই।

## আমাকে কি আটক করা হবে?

নিঃসঙ্গ এবং বিচ্ছিন্ন হয়ে পড়া শিশু হওয়াটা কোন অপরাধ নয়। শুধু আশ্রয় প্রার্থনা করেছেন বলেই আপনাকে আটক করা যাবে না। আপনি এখানে অবস্থান করছেন কারণ আপনি প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া, অবৈধভাবে সীমান্ত অতিক্রম করেছেন। শনাক্ত এবং নিবন্ধিত হতে হলে গ্রীসের প্রবেশ পয়েন্টে কোন অভ্যর্থনা ও শনাক্তকরণ কেন্দ্রে অথবা কোন পুলিস স্টেশনে আপনার নিজেকে হাজির করতে হবে।

## আমার সঙ্গে এবং অন্যান্য কম বয়সী শরণার্থী/অভিবাসীদের সঙ্গে কি ভিন্নভাবে আচরণ করা হবে?


কম বয়সী সকলের অধিকার সমান, এক্ষেত্রে মোটেই বিবেচ্য নয় যে তারা কারা, কোথায় বাস করে, কোন্ ভাষায় কথা বলে, তাদের ধর্ম কী, তারা কি ছেলে নাকি মেয়ে।

## আমি কি কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তির কাছ থেকে সাহায্য চাইতে পারি?

প্রাপ্তবয়স্কদের সকলেরই উচিত হবে আপনার জন্য এমন কিছু করা যা আপনার জন্য সর্বোত্তম হবে। প্রাপ্তবয়স্কদের কাছ থেকে সাহায্য ও সমর্থন আপনি সবসময় চাইতে পারেন! মনে রাখবেন, এই সাহায্যের জন্য প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে আপনার কোন অর্থ পরিশোধ করতে বা উপহার দিতে হবে না।

- ✓ কেউ যদি আপনাকে ইউরোপীয় কোন দেশে পৌঁছে দিতে বা আপনাকে কোনও চাকরি খুঁজে দেওয়ার ব্যাপারে প্রতিশ্রুতি দেয়, তাহলে তাকে বিশ্বাস করবেন না, তা তিনি এর বিনিময়ে অর্থ দাবি করুন বা নাই করুন, অন্যথায় আপনাকে বিভিন্ন উপায়ে শোষণ করা হতে পারে।
- ✓ অবৈধ পথে চলতে গিয়ে দুঃখ ভোগের চেয়ে নিরাপদে থেকে এবং আইনগত পদক্ষেপ অনুসরণ করার মধ্য দিয়ে নতুন জীবন আরম্ভ করা ভাল!
- ✓ সব সময় নিশ্চিত হয়ে নিন যে আপনি যার সঙ্গে কথা বলছেন তিনি কে, তিনি কার পক্ষে কাজ করছেন, এবং তাদের নামও লিখে রাখুন। আপনি যদি কোন আইনজীবীর পরামর্শ নিয়ে থাকেন, তাহলে সব সময় তাদের কাছ থেকে বিজনেস কার্ড অথবা হাতে লেখা চুক্তিনামা চেয়ে নিন।
- ✓ এখানে আপনার সহায়তার জন্য যে সকল সংগঠন এবং অন্যান্য শিশু সুরক্ষা কর্মী বা প্রতিষ্ঠান আছে, তাদের কাছ থেকে পরামর্শ চেয়ে আপনার ধারণাকে পরিপূর্ণ ও হালনাগাদ রাখার চেষ্টা করুন।
- ✓ আপনার নিজ দেশ থেকে এসেছে বলেই যে লোকজনকে বিশ্বাস করা যাবে, তা ঠিক নয়। প্রত্যেকেই একটি কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছে, তাই সকলের কাছ থেকে ভাল আচরণ আশা করা যাবে না এবং ভরসা করা যাবে না।

প্রচেষ্টা অব্যাহত রাখুন!



## আমি কি আমার পরিবারের সাথে যোগাযোগ করতে পারি?

আপনার সঙ্গে যদি আপনার বাবা-মা বা অন্যান্য আত্মীয় না থেকে থাকেন, তাহলে তাদের সঙ্গে মিলিত হওয়ার অধিকার আপনার আছে। এর মানে হল যে আপনার বাবা-মা যদি অন্য দেশে থাকেন, তাহলে তাদের সঙ্গে যোগাযোগ করার এবং পরিবারের পুনরেকত্রিকরণের জন্য আবেদন করার অধিকার আপনার আছে।

**মনে রাখবেন!**

- ✓ আইনগত সহায়তা এবং প্রতিনিধিত্ব চাওয়া আপনার মৌলিক অধিকার।
- ✓ আপনার বয়স যদি খুব শিগগির 18 বছর পূর্ণ হতে চলে এবং আপনি পারিবারিক পুনরেকত্রিকরণের জন্য আবেদন করতে চান, তাহলে আপনাকে অবশ্যই তাড়াতাড়ি করতে হবে এবং আপনার জন্মদিনের আগেই আপনার দাবি নিবন্ধন করতে হবে।
- ✓ আপনি যদি নিঃসঙ্গ হন এবং আপনার বয়স 15 বছরের কম হয়, তাহলে আপনার পক্ষে আপনার আশ্রয় প্রার্থনার আবেদন দাখিল করার জন্য একজন আইনগত প্রতিনিধির সঙ্গে আপনার অ্যাপয়েন্টমেন্ট করানো হবে।
- ✓ আরআইসি / পাবলিক প্রসিকিউটর / অভিভাবক আপনার মামলাটির দায়িত্ব গ্রহণ করবেন কেননা আপনি নিঃসঙ্গ অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি।

## শিশুদের অধিকার কাদের আছে?

«অধিকার» বিষয়টি আপনি সহ সকল শিশুর জন্য প্রযোজ্য। আপনি যদি 18 বছরের কম বয়সী হন এবং আপনি আপনার পিতামাতা বা আত্মীয়স্বজনের সাথে থাকেন, অথবা আপনি নিঃসঙ্গ বা তাদের কাছ থেকে বিচ্ছিন্ন থাকেন, তাহলে আপনি একজন শিশু। ইউরোপে সকল শিশুর অধিকার সমান, এবং তা সমানভাবে গুরুত্বপূর্ণ।

## আমার অধিকারসমূহ কী কী?

গ্রীস এবং সমগ্র উরোপে, সকল শিশু এবং অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির ক্ষেত্রে একই মানবাধিকার প্রযোজ্য, যা জাতিসংঘের শিশু অধিকার বিষয়ক কনভেনশনে তালিকাভুক্ত (ইউএন সিআরসি)।
এখানে আপনি সবচেয়ে গুরুত্বপূর্ণ অধিকারসমূহ পাবেন:

1. বৈষম্যহীনতা: সকল শিশুর অধিকার রয়েছে, এবং এক্ষেত্রে এটা বিবেচ্য নয় যে তারা কারা, কোথায় বাস করে, তাদের পিতামাতা কী করে, তারা কোন্ ভাষায় কথা বলে, তাদের ধর্ম কী, তারা ছেলে না মেয়ে, তাদের সংস্কৃতি কী, তাদের প্রতিবন্ধিত্ব আছে কিনা, তারা ধনী নাকি দরিদ্র। কোনও শিশুর সঙ্গে কোন কিছুর ভিত্তিতে অন্যায্য আচরণ করা যাবে না।
2. শিশুর সর্বোত্তম স্বার্থ: প্রাপ্তবয়স্ক সকলের উচিত হবে আপনার জন্য সর্বোত্তম কাজটি করা। প্রাপ্তবয়স্করা যখন সিদ্ধান্ত নেয়, তখন তাদের চিন্তা করা উচিত যে তাদের সিদ্ধান্তগুলো শিশুদেরকে কীভাবে প্রভাবিত করবে।
3. টিকে থাকা, বিকাশ এবং সুরক্ষা: প্রতিটি দেশের কর্তৃপক্ষ আপনাকে এবং সমস্ত শিশুকে রক্ষা করতে এবং দৈহিক, মানসিক, নৈতিক ও সামাজিকভাবে পূর্ণ বিকাশ নিশ্চিত করতে সাহায্য করতে বাধ্য।
4. অংশগ্রহণ: আপনাদের প্রভাবিত করে এমন সিদ্ধান্তে আপনার এবং সকল শিশুর মতামত প্রকাশের অধিকার আছে এবং আপনাদের মতামত প্রতিটি প্রসঙ্গে বিবেচিত হওয়ার অধিকার রাখে।

**মনে রাখবেন!** উপরে উল্লেখকৃত যাবতীয় অধিকার যা আপনার সর্বোত্তম স্বার্থ সমর্থন করে, সেগুলো গ্রীসে প্রযোজ্য। এছাড়াও, আপনার অবগতি ও সম্মতি ছাড়া এমন কোন সিদ্ধান্ত নেওয়া যাবে না যা আপনাকে কোন না কোনভাবে প্রভাবিত করে।

## আমি কি আমার কথা বলতে পারি?

আপনার মতামত দেওয়ার অধিকার আছে, এবং প্রাপ্তবয়স্কদের তা শুনতে এবং গুরুত্ব সহকারে নিতে হবে। আপনার মাতৃভাষায় ব্যাখ্যা পাওয়ার অধিকার আপনার আছে।




## কেউ কি আমাকে আঘাত করবে বা আমার সাথে খারাপ ব্যবহার করবে?

দৈহিক বা মানসিক আঘাত ও দুর্ব্যবহার থেকে রক্ষা পাওয়ার অধিকার আপনার আছে। এমন কিছু ঘটলে সবসময় একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে বলুন।

## অসুস্থ হলে কি আমি একজন ডাক্তারের কাছে যেতে পারি?

আপনার অধিকার আছে সম্ভাব্য সর্বোত্তম স্বাস্থ্য পরিচর্যা, নিরাপদ পানীয় জল, পুষ্টিকর খাবার, পরিচ্ছন্ন ও নিরাপদ পরিবেশ, এবং সুস্থ থাকার সহায়ক তথ্য পাওয়ার।

## আমি কি স্কুলে যেতে পারি?



গ্রীসে 15 বছরের কম বয়সী শিশুদের জন্য পাবলিক স্কুলে শিক্ষা-লাভ বাধ্যতামূলক। আপনার ক্ষেত্রে, অর্থাৎ, আপনি (আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক) শিক্ষার সুযোগ পাবেন কিনা তা নির্ভর করে নিম্নোক্ত শর্তের উপর:


- ✓ অবস্থা (কারো সঙ্গে অবস্থান, নিঃসঙ্গ / বিচ্ছিন্ন)
- ✓ বয়স (15 এর নিচে, 15 এর উপরে)
- ✓ অনুমতি প্রয়োজন (অভিভাবকের সম্মতি / পিতামাতার সম্মতি)

## আমি কি কাজ করতে পারি?

গ্রীক রাষ্ট্র আপনাকে সুরক্ষা, নিরাপত্তা প্রদান করবে এবং আপনার মৌলিক চাহিদাগুলো (খাদ্য, আশ্রয় এবং বস্ত্র) সরবরাহ করবে, যাতে আপনাকে কাজ করতে না হয়। অবশ্য আপনি যদি কাজ করতে চান, তাহলে আপনার শিশু সুরক্ষা অভিভাবক অথবা আইনি অভিভাবক-কে বলুন আপনাকে বৃত্তিমূলক সুযোগ সম্পর্কে নির্দেশনা দিতে।

## আমাকে কি গ্রীক ভাষায় কথা বলতে হবে?

মৌলিক মানবাধিকারের অন্যতম একটি অধিকার হল আপনার নিজের সংস্কৃতি, ভাষা এবং ধর্ম অনুশীলন করা ... তাই, আপনার গ্রীক শেখার দরকার নেই। প্রকৃতপক্ষে, গ্রীসে আপনার অবস্থানকালে সমস্ত প্রক্রিয়ায় সাহায্য করতে দোভাষী রয়েছে। আপনাকে এই মর্মে উৎসাহিত করা যাচ্ছে যে আপনি কোন স্কুলে বা অন্য ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে যোগ দিতে পারেন যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে গ্রীক ভাষাও আপনি শিখতে পারবেন, এবং যা আপনার দৈনন্দিন জীবনকে সহজ করে তুলবে।



# 2. আমার কী কী বিধিমালা অনুসরণ করা উচিত? - আপনার দায়িত্ব

জাতিসংঘের CRC আরো কিছু নিয়ম বিবৃত করে যেগুলো আপনার অনুসরণ করতে হবে, বিশেষ করে অন্যদের অধিকারের প্রতি সম্মান প্রদর্শনের ক্ষেত্রে।

- ! যেহেতু আপনি আপনার লৈঙ্গিক পরিচয়, জাতিগত উৎস, ভাষা, বয়স, জাতীয়তা বা ধর্ম নির্বিশেষে এসব অধিকার ভোগ করছেন, তাই অন্যদের প্রতি মানবিক উপায়ে সম্মান দেখানোর দায়িত্বও আপনার রয়েছে।
- ! যেহেতু আপনি নিষ্ঠুরতা, শোষণ এবং অবহেলার হাত থেকে রক্ষা পাওয়ার অধিকার রাখেন, তাই আপনারও দায়িত্ব রয়েছে অন্যদের ক্ষতি না করার।
- ! যেহেতু একটি পরিচ্ছন্ন পরিবেশের অধিকার আপনার আছে, তাই পরিবেশের যত্ন নেওয়ার দায়িত্বও আপনার রয়েছে।
- ! যেহেতু শিক্ষা লাভের অধিকার আপনার আছে, তাই গ্রীক শিক্ষা ব্যবস্থার বিধিমালাকে সম্মান করার দায়িত্ব আপনার রয়েছে।

এছাড়াও, এই দেশের আইনকে আপনার সম্মান করা উচিত। উদাহরণস্বরূপ গ্রীসে, 18 বছরের কম বয়সীদের জন্য অ্যালকোহল, মাদক ও তামাক গ্রহণ অবৈধ। এছাড়াও চুরি, পতিতাবৃত্তি বা অবৈধ কাজকর্ম কারো জন্যই অনুমোদিত নয়। **আপনার গন্তব্য দেশে পৌঁছার জন্য অর্থ সংগ্রহ করতে অনিয়মিত পথ খুঁজে পাওয়ার দরকার নেই**। আপনি যদি তা করেন তাহলে বিপদে পড়বেন। গ্রীক রাষ্ট্র আপনাকে সাহায্য করতে পারে যাতে আপনি কোন ঝামেলার মধ্যে না জড়িয়ে আপনার প্রয়োজন এবং ইচ্ছা পূরণ করতে পারেন!

**মনে রাখবেন!** আপনি সবসময় এমন যে কোনো ধরনের তথ্য আমাদের সঙ্গে শেয়ার করতে পারেন যা সংবেদনশীল, বিব্রতকর এবং অবৈধ বলে মনে হতে পারে বা আপনাকে ঝুঁকিতে ফেলতে পারে! আমরা এই মর্মে নিশ্চয়তা দিচ্ছি যে এসব তথ্য গোপনীয়তার সঙ্গে বিবেচনা করা হবে, তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা হল, আপনাকে সহায়তা এবং সুরক্ষা দেওয়া আমাদের লক্ষ্য! আমরা আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন সহ আপনার সর্বোত্তম স্বার্থ সংরক্ষণ করতে বদ্ধপরিকর।

# 3. বিদ্যমান পরিষেবাসমূহ

## আমাকে কি সকল প্রক্রিয়া একাকী সম্পন্ন করতে হবে?

যেহেতু আপনি 18 বছরের কম বয়সী এবং কারো সঙ্গে বা বিচ্ছিন্ন রয়েছেন, তাই অপ্রাপ্ত বয়স্কদের পাবলিক প্রসিকিউটরের সম্মতি সাপেক্ষে আপনাকে সহায়তার জন্য একজন আইনগত প্রতিনিধি গ্রীক রাষ্ট্র দ্বারা নিযুক্ত করা হবে। আপনি আপনার অ্যাপয়েন্টমেন্ট এবং সাক্ষাৎকার সম্পর্কে আইনি পরামর্শ চাইতে পারেন।
**ধৈর্য্য ধরুন, কিছুটা সময় লাগতে পারে!**

## যদি আমার মামলা পরিচালনার স্বার্থে একজন আইনজীবী দরকার হয়?

1. গ্রীসে আপনার অবস্থানের পুরোটা সময় আপনাকে সাহায্য করবে এমন একজন আইনজীবী পাওয়ার অধিকার আপনার আছে।
2. আপনি আপনার নিজের ভাষায় কথা বলতে পারেন, কারণ একজন দোভাষী আপনাকে সাহায্য করবে।

## যদি আমি এমন একজনের সাথে কথা বলতে চাই যাকে সত্যিই আমি বিশ্বাস করি?

আপনি আপনার বসবাসের স্থানের কাছাকাছি কোন শিশু সুরক্ষা কর্মীর সঙ্গে কথা বলতে পারেন, যিনি আপনাকে সাহায্য করতে এবং দরকারমত নির্দেশনা দিতে পারেন।
জরুরী অবস্থায় আপনি আরও যোগাযোগ করতে পারেন



- শিশু সুরক্ষা বিষয়ক জাতীয় লাইন। টেলিফোন: 1107
- শিশুদের জন্য জাতীয় এসওএস লাইন। টেলিফোন: 1056
- শিশু ও কিশোরদের জন্য সহায়তা লাইন। টেলিফোন: 116 111
- হেলেনিক রেড ক্রস। টেলিফোন: 210 5240440
- শিশু অধিকার বিষয়ক ডেপুটি অম্বুডসম্যানের অফিস। টেলিফোন: 800 11 32 000